স্বর্গীয় সতীশচন্দ্র সরকার মহাশয়ের প্রতিষ্ঠিত

**হ্যানিম্যান হল**

মুর্শিদাবাদ জেলার আদি ও শ্রেষ্ঠতম
হোমিও প্রতিষ্ঠান

হোমিওপ্যাথিক ও বাইওকেমিক ঔষধ কলিকাতার দরে বিক্রয় হয়। পাইকারী গ্রাহকদের বিশেষ সুযোগ ও সুবিধা দেওয়া হয় আমরা যত্নের সহিত ভি. পি. যোগে মফঃস্বলে ঔষধ সরবরাহ করি।

হোমিও পেটেন্ট **"আইওলিন"**
চক্ষু ওঠায় ফল সুনিশ্চিত।

**হ্যানিম্যান হল,** খাগড়া, মুর্শিদাবাদ

বিঃ দ্রঃ—কোন ব্রাঞ্চ নাই।

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

শারদীয় সংখ্যা

**বহরমপুর এক্সরে ক্লিনিক**

স্বল গম্বুজের নিকট

পোঃ বহরমপুর : মুর্শিদাবাদ

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।

★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।

★ কলিকাতার মত এক্সরে করা হয়।

★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৫১শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—২১শে আশ্বিন বুধবার, ১৩৭১ ইং 7th Oct. 1964 { ২১শ সংখ্যা



সকল ঘরের তরে...

**দীপ্তি লণ্ঠন**

ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

## রান্নায় আনন্দ

এই কেরোসিন কুকারটির অভিনবত্ব রন্ধনের ভীতি দূর করে রন্ধন-প্রীতি এনে দিয়েছে।

রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুলও জমবে না।

জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।

- ধুলা, ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
- স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
- যে কোনো অংশ সহজলভ্য।



**খাস জনতা**

কেরোসিন কুকার

দি ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ প্রাইভেট লিঃ

## শ্রীঅরুণ

কমার্শিয়াল আর্টিষ্ট ও ফটোগ্রাফার

ছায়াবাণী সিনেমার সম্মুখে

পোঃ রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ

**স্টুডেন্টস্ ফেভারিট**

রঘুনাথগঞ্জ, (বাস ষ্ট্যাণ্ড) মুর্শিদাবাদ

★ পাঠাগার, স্কুল ও কলেজের সব রকমের বই, খেলার সরঞ্জাম, কাগজ পেন ইত্যাদি সবচেয়ে সুবিধায় কিনুন।

### শারদীয় মহাপূজার অবকাশ

"জঙ্গিপুর সংবাদে"র গ্রাহক, পাঠক ও বিজ্ঞাপনদাতাগণের নিকট আমাদের বিনীত নিবেদন—আমরা বর্ত্তমানে আমাদের প্রাপ্য দুই সপ্তাহের অবকাশ না লইয়া সময়ান্তরে গ্রহণ করিব।

সম্পাদক—'জঙ্গিপুর সংবাদ'

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।



জঙ্গিপুর সংবাদ

২১শে আশ্বিন বুধবার সন ১৩৭১ সাল।

## এসো মা আনন্দময়ি!



তোমার আসার আশায় আমরা পথ চেয়ে থাকি। মনে করি—মা যেমন দেবতাগণকে অসুর ভয়ে নিস্তার করেছিলেন, রামচন্দ্রকে রাবণ বধে সহায়তা ক'রে নির্য্যাতিতা সীতাকে উদ্ধার করে-ছিলেন, তেমনি আমাদের সকল নির্য্যাতনের যাতনা হ'তে উদ্ধার ক'রে মায়ের বিপদোদ্ধারিণী নামের সার্থকতা দেখাবেন। কই মা! কি হচ্ছে?

ধবলাসুরগণ ভারত ত্যাগ করলো ব'লে যে ভরসা করা গিয়েছিল, তার ফল তো তেমন দেখতে পাচ্ছি না মা! তাদের সৃষ্ট ঘুষখোর তস্করগুলি তো (পূর্ণ উদ্যমে বল্‌লে ভুল হবে) দ্বিগুণ উদ্যমে পোষণের অছিলায় শোষণ আরম্ভ করেছে। দুখের কথা যাদের কাছে জানাবার কথা, তাঁহারা প্রকাশ্যে বিচার করেন বটে, তবে অনেকে বিচার-আলয়কে মিছার-আলয়ে পরিণত ক'র্‌তে একটুও কুণ্ঠা বোধ করেন না।

মাগো! তোমার কৃপায় নয়, বাবার এক আধটু আশীর্ব্বাদ বোধ হয় আমরা পেয়ে থাকি, তার জন্য অসম্ভব সম্ভব করতে পারছি মা। এই যে নানা স্থানে কৌলিক, রাজসিক, তামসিক "পারমানেণ্ট" (স্থায়ী) "টেম্পোরারী" (অস্থায়ী) পূজার আয়োজন হ'য়েছে, সব আয়োজনের মূলে আছে সরকারী পারমিট। খাদ্যদ্রব্য সব সরবরাহ বিভাগের মুঠোর মধ্যে। যে সব জিনিস বাজারে আমরা পয়সা দিয়ে কিনে খাই, সেই খাদ্যদ্রব্যে কত অখাদ্য স্বাস্থ্যহানিকর এমন কি ধীরে ধীরে প্রাণহানিকর ভেজাল মিশিয়ে সরকারী লোকের গোচরেও বিক্রয় ক'রে অক্ষত দেহে অক্ষুণ্ণ মর্য্যাদায় সমাজে প্রতিপত্তি নিয়ে কত দুর্বৃত্ত রাজপুরুষগণের আশে পাশে ঘোরা ফেরা করে। ময়দায় তেঁতুল বীচি, ঘী এর নামে বনস্পতি, তেলে শেয়ালকাঁটা, চিনিতে কাচগুঁড়ো খাচ্ছি, তাও মরি না, বাবার দয়ায়। বাবা সদানন্দ সদাশিব দ্বিতীয় বার সমুদ্র মন্থনে উত্থিত হলাহল পান ক'রে নীলকণ্ঠ নাম পেয়েছিলেন। সেই বাপের সন্তান ব'লে বুঝি এখনও টিকে আছি। তোমার ভরসা আর বড় একটা করতে ইচ্ছা করে না মা। তোমার অসুর-মর্দ্দিনী মূর্ত্তি দেখেও আর ভরসা হয় না যে তুমি আমাদের যাবতীয় অহিতকর পশুর স্বভাবে মানবাকৃতি অসুরগুলিকে ধ্বংস করবে।

আমাদের চরম আশ্রয়স্থল বাবার আরামখানা শ্মশান। আর শীতল হবার একমাত্র স্থান তোমার সপত্নী আমাদের বিমাতা মা গঙ্গার সুকোমল ক্রোড়।

---

### প্রাথমিক শিক্ষকগণের দাবীপক্ষ

গত ২০-৯-৬৪ তারিখে রঘুনাথগঞ্জ পাঠশালা গৃহে রঘুনাথগঞ্জ থানা প্রাথমিক শিক্ষক সমিতির উদ্যোগে এক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন বিশিষ্ট প্রধান শিক্ষক শ্রীযুক্ত শরদিন্দুভূষণ পাণ্ডে মহাশয় এবং পৌরপতি শ্রীপ্রাণগোপাল চট্টোপাধ্যায় মহাশয় প্রধান অতিথির আসন অলঙ্কৃত করেন। সভায় শতাধিক শিক্ষক ও বিশিষ্ট ব্যক্তির সমাবেশ হইয়াছিল। শিক্ষা ও শিক্ষকগণের বিবিধ সমস্যা সম্পর্কে বিভিন্ন বক্তা এই সভায় ভাষণ দেন।

সভাপতি মহাশয় তাঁহার ভাষণে শিক্ষকগণের 'দাবী পক্ষের' বিভিন্ন দাবীর বিষয়ে বিশেষভাবে আলোচনা করেন। তিনি বলেন—প্রাথমিক শিক্ষকগণের ন্যূনতম মাসিক ১৩০ টাকা বেতন দাবী মোটেই বেশী নহে। ইহার সহিত শিক্ষার উন্নতিও বিশেষভাবে জড়িত।

প্রধান অতিথি তাঁহার সংক্ষিপ্ত ভাষণে বলেন—শিক্ষকগণের দাবীসমূহ সম্পূর্ণ ন্যায় সঙ্গত, ইহার পিছনে তাঁহার আন্তরিক সমর্থন আছে।

---

### রঘুনাথগঞ্জে শিক্ষা প্রদর্শনী

গত ৫ই ও ৬ই অক্টোবর '৬৪ রঘুনাথগঞ্জ উচ্চতর মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে একটি শিক্ষা প্রদর্শনীর আয়োজন করা হইয়াছিল। উক্ত প্রদর্শনীর দ্বারোদঘাটন করেন মাননীয় মহকুমা শাসক মহাশয়ের পত্নী শ্রীযুক্তা শিবানী রায় চৌধুরী মহাশয়া ও প্রধান অতিথির আসন গ্রহণ করেন মাননীয় এস, ডি, পিও মহাশয়ের পত্নী শ্রীযুক্তা সাবিত্রী বন্দ্যোপাধ্যায় মহাশয়া।

বিভিন্ন বিষয়ের উপর চার্ট ও মডেল এবং সেলাইগুলি খুবই সুন্দর হইয়াছিল। হস্তলিখিত পত্রিকাগুলি ও সংগৃহীত পুস্তিকাগুলি বিশেষ লক্ষণীয় ছিল। শিক্ষার ক্ষেত্রে এই প্রকার প্রদর্শনীর একান্ত প্রয়োজন। প্রধানা শিক্ষিকা এবং অন্যান্য শিক্ষক শিক্ষিকাদের এই ধরণের উদ্যম প্রশংসনীয়।

# দুর্গে! মা!—তুই কি জগদম্বা?

—০—

গোটা কত কথা আমি,
মা—দুর্গা আজ শুধাই তোরে—
তুই ছাড়া আর কেউ জানে না—
বলবি কি মা সত্যি ক'রে?

ত্রেতা যুগে রামের সীতা
রাবণ-রাজা করলো হরণ,
সেই রাবণে বধ করিতে
পূজেন শ্রীরাম তোর শ্রীচরণ?

শোনা-কথা—দেখিনি মা!
বলছি এ সব অনুমানে—
পদ্ম আনার ভার নাকি রাম
দিয়েছিলেন হনুমানে?

এক পদ্ম তার কমতি হ'লে,
শ্রীরামচন্দ্র শুনি নাকি—
নীল পদ্মের অনুকল্পে
দিতে চেয়েছিলেন আঁখি?

এখন পূজোর উপচারে
অভাব হ'লে কোনও রকম,
কষ্টলভ্য সকল দ্রব্য—
অনুকল্পেই গঙ্গোদকম্!

কবে হ'তে তোর পূজোতে
চলতি হ'ল এমন বিধি—
ভক্ত করবে তোর পূজো মা
বাহাল ক'রে প্রতিনিধি?

যদি বলিস্—
"মন্ত্রতন্ত্র সংস্কৃতে
বিপ্রগণ এই ভাষা জানে"
পূজার্চনার ভার সে কারণ
পান তাঁহারা দেবস্থানে।

"মুকুন্দং সচ্চিদানন্দং"
পড়েনি যে কভু ভুলে'
"যথা জ্ঞানং করবানি"
ব'লে নিচ্ছে—এ ভার তুলে"।

কাঠামোটা গড়ে ছুতোর,
মূর্ত্তি গড়ে শিল্পকারে,
ডোমের ডালা তাও লাগে মা
তোমার পূজোর উপচারে।

নৈবেদ্যাদি ভোগের জিনিস
চাষা তৈরী করে ক্ষেতে!
তবু তাদের যেতে মানা
জগদম্বার মণ্ডপেতে!

যদি বল মূল্য দিয়ে
এ সব দ্রব্য কিনেন তাঁরা,
তন্ত্রধারক দক্ষিণা নেন
মন্ত্র কি মা মূল্য ছাড়া?

নৈবেদ্য সব ব্রাহ্মণে নেয়
ভক্তবাড়ীর বস্তা সমেত।
"দেব-দ্রব্যং দ্বিজায় দদ্যাৎ
অন্যথা নিষ্ফলং ভবেৎ॥"

পূজোর সময় ঘৃণ্য ভেবে
ছুবি ছুবি বলে যারে,
বিজয়ার দিন প্রতিমাটি
চাপায় কিন্তু তাদের ঘাড়ে!

নির্ম্মাণেতে নাই মা বাধা
আপত্তি নাই বিসর্জ্জনে,
মধ্যে কেবল শূদ্র ক্ষুদ্র
অবহেলার বিষ-অর্জ্জনে!

যদি বলিস্—উঁচু নীচু
গুণ-কর্ম্ম-বিভাগেতে,
এ আইন মা সবাই মানি
আপত্তি মা, নাই যে এতে।

উৎকোচ খায় উপরি ব'লে
কিংবা কুসীদ ব্যবসায়ী,
কাঙাল-পীড়ন ব্যবসা যাদের,
কর্ম্মজন্য নয় কি দায়ী!

মাংস চর্ম্ম বেচে ব'লে
ঘৃণ্য জাতি চামার কসাই,
জ্যান্ত ব্যাটা আস্ত বেচে
রবে চির ঠাকুর মশাই!

হীন কর্ম্মের কর্ম্মী যে যে,
তোর কাছে কেউ নাই অচেনা
গুণ-কর্ম্ম বিচার ক'রে
ঘাড়ে ধ'রে নামিয়ে দেনা!

আমার দোষে যে দণ্ড হয়
দেমা নেবো বক্ষ পাতি'
সমদর্শী না হ'লে মা
বল্‌বো তোরে পক্ষপাতী।

জগদম্বা নামটি ছেড়ে
"ব্রাহ্মণাম্বা" হও মা তুমি!
দূরে থেকে এই নিবেদন
করি রাঙা চরণ চুমি!

---

# OPEN পত্রে গোপন কথা

—০—

সপ্রণাম নিবেদন—

মায়ের অসুখ, খোকাখুকি ভাল নাই। ওষুধগুলি এনো, পাছে ভুল হয় ব'লে ছড়া ক'রে দিলাম।

**জ**য়মঙ্গল রস—খুকীর জ্বরে করবে গুণ,
**বা**সারিষ্ট এনো—খোকা কেসে হচ্ছে খুন।
**কু**টজাসব এনো—মায়ের রক্ত-অতিসার,
**সু**রবল্লী-কষায় এনো—ঢাকতে আমার হাড়।
**ম**করধ্বজ সি, কে, সেনের—ভেজাল কিছু নাই,

**তে**জস্কর ওষুধ এটা—নাইকো পাড়াগাঁয়।
**ল**ইবে আর এক দ্রব্য—এঁদের নিকটে,
**আ**ছে কিনা আছে দেখি—বুদ্ধি তোমার ঘটে।

**নি**য়ে এসো প্রায় তা' তুমি—লিখছি শুধু কেন!

**বে**-আদবী হলো বুঝি—রাগ ক'রোনা যেন।

সেবিকা—শ্রীমতী

---

## বিজ্ঞপ্তি

এতদ্দ্বারা সর্বসাধারণকে জানান যাইতেছে যে, যাঁহারা তহশীলদার শ্রীধীরেন্দ্রনাথ চট্টোপাধ্যায়ের নিকট খাজানা দিয়া নিম্নলিখিত দাখিলা পাতার প্রজার অংশ পাইয়াছেন তাঁহারা অবিলম্বে ঐ সমস্ত দাখিলা পাতা রঘুনাথগঞ্জ থানার ল্যাণ্ড রিফর্ম্মস অফিসে জমা দিবেন। নতুবা উক্ত দাখিলা পাতায় প্রদত্ত খাজানাদি প্রজার নামে সরকার তরফে জমা হইবে না এবং ফলে সংশ্লিষ্ট প্রজার নামে উহার জন্য সার্টিফিকেট কেস্ হইবার সম্ভাবনা থাকিবে। প্রকাশ থাকে যে, উক্ত দাখিলা পাতার ডুপ্লিকেট অংশযুক্ত মুড়ি চেকবহি চুরি হইয়াছে এবং অদ্যাবধি ঐ বহিসমূহ উদ্ধার হয় নাই।

দাখিলা পাতার বিবরণ :—

C/L 770301, C/L 770302, C/L 770325 C/L 770340, C/L 770345, C/L770346, C/L 770348, C/L 770376, C/L 770377 C/L 770378, C/L 770398, C/L 770400

C/L998801, C|L998822, C/L 998823, C/L 998324. C/L 998825, C/L 998839, C/L 998844, C/L 998881, C/L 998394

Sd/- A. K. Das
Junior Land Reforms Officer
Raghunathganj.

21. 9. 64

---

**বাড়ী বিক্রয়**—রঘুনাথগঞ্জ ৫নং ওয়ার্ডে ৭ শতক জমির উপর ৫ খানি পোক্তা ঘর, কুয়া পাইখানা ও বিদ্যুৎ লাইন আছে। নিম্নে অনুসন্ধান করুন।

শ্রীবৈদ্যনাথ দত্ত
'দত্ত টি ষ্টোর', রঘুনাথগঞ্জ।

---

**জাতীয় প্রতিরক্ষা তহবিলে**
**মুক্তহস্তে দান করুন**



কুস্তির আখড়ায়
প্যাঁচের ম্যাচ।



সেয়ানে সেয়ানে কোলাকুলি



বিজেতা

দেশের সমৃদ্ধি ও জাতীয় সংহতির মধ্য দিয়েই সার্থক হয়

# জাতীয় উৎসব

এই দিনে আমাদের সংকল্প :—

- ★ জাতীয় সংহতি সুদৃঢ় করব
- ★ সকল প্রকার অপচয় বন্ধ করব
- ★ সর্বত্র উৎপাদন বৃদ্ধি করব
- ★ জাতীয় প্রতিরক্ষা ও উন্নয়নের জন্য আত্মোৎসর্গ করব

পশ্চিমবঙ্গ সরকার



বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর



সি, কে, সেনের
## আমলা কেশ
সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা-১২



## সারিবাদ্যাসব
এর প্রতি ফোঁটাই আপনার রক্তের বিশুদ্ধতা আনবে এবং দেহে নূতন শক্তি ও উৎসাহের সঞ্চার করবে।

**ঢাকা আয়ুর্বেদীয় ফার্মেসী লিঃ ও সাধনা ঔষধালয়ের প্রস্তুত**

যাবতীয় কবিরাজী ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন।

এজেণ্ট—শ্রীননীগোপাল সেন, কবিরাজ
অন্নপূর্ণা ফার্মেসী। রঘুনাথগঞ্জ (সদরঘাট)



রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।



প্রাথমিক, মধ্য, উচ্চ এবং বহুমুখী বিদ্যালয়ের যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং **বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি** ইত্যাদি ও অঞ্চল পঞ্চায়েৎ, গ্রাম পঞ্চায়েৎ, ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

**সর্বদা সুলভ মূল্যে বিক্রয় হয়**

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে ডেলিভারী দেওয়া হয়

## আর্ট ইউনিয়ন

| সিটি সেলস অফিস | সেলস অফিস ও শোরুম |
|---|---|
| ৮০/৩, মহাত্মা গান্ধী রোড, কলি-৯ | ৮০।১৫, গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৬ |
| টেলি: 'আর্ট ইউনিয়ন' কলিঃ | ফোন: ৫৫-৪৩৬৬ |





★আই, সি, আই পেইণ্ট
★মেদিনীপুরের ভাল মাদুর
★যাবতীয় ঘানি, হলার ও ধান কলের পার্টস্
★ইমারতের যাবতীয় সরঞ্জাম।



বিক্রেতা:—
## কুণ্ডু হার্ডওয়্যার ষ্টোর
খাগড়া মুর্শিদাবাদ



**জঙ্গিপুর সংবাদ** সাপ্তাহিক সংবাদপত্র।
বার্ষিক মূল্য ২·২৫ নঃ পঃ অগ্রিম দেয়, নগদ মূল্য ·৬ নঃ পঃ।
বিজ্ঞাপনের হার—প্রতিবার প্রতি লাইন ৫০ নঃ পঃ। দুই টাকার কমে কোন বিজ্ঞাপন ছাপান হয় না। স্থায়ী বিজ্ঞাপনের জন্য পত্র লিখুন
ইংরাজী বিজ্ঞাপনের দর বাংলার দ্বিগুণ।
শ্রীবিনয়কুমার পণ্ডিত, পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)